

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়

সড়ক ও জনপথ অধিদপ্তর

সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।

ফোন: ০২-৮৮৭৯২৯৯ ফ্যাক্স নং: ০২-৮৮৭৯১৯৯

e-mail: [ce@rhd.gov.bd](mailto:ce@rhd.gov.bd)

স্মারক নং- ২০০৮/স্মা/স্মা/

তারিখঃ ২৩/০৪/১৮

বিষয়: ই-নথি কার্যক্রম চালু করণ প্রসঙ্গে।

সূত্র: সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এর স্মারক নং- ৩৫.০০.০০০০.০৩৯.৩৩.০১৬.১৪-৬৪, তারিখ: ০৩/০৪/২০১৭

ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের সহযোগিতায় উপজেলা হতে মন্ত্রণালয় পর্যন্ত বিভিন্ন সরকারী অফিসে ই-নথি ব্যবস্থাপনা বাস্তবায়ন শুরু হয়েছে। ইতিমধ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরে ম্যানেজমেন্ট সার্ভিসেস্ উইং, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষন উইং, মেকানিক্যাল উইং, ব্রীজ ম্যানেজমেন্ট উইং এবং টেকনিক্যাল সার্ভিসেস্ উইং এর প্রশিক্ষন সম্পন্ন করা হয়েছে। স্মারক নং ১৭৯১-প্রঃপ্রঃ, তারিখঃ ৩০/০৫/১৭ইং মাধ্যমে ১৫/০৬/২০১৭ইং তারিখের মধ্যে প্রতিদিন ১টি করে পত্র ই-নথি করার জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে বলা হয় পরবর্তীতে স্মারক নং ৮৭৯-প্রঃপ্রঃ, তারিখঃ ২৯/১১/১৭ইং এর মাধ্যমে ই-নথি ব্যবহার আশানুরূপ না হওয়ায় উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক অনাকাঙ্ক্ষিত সমস্যায় যাতে নিপতিত না হতে হয় সে লক্ষ্যে উপরে বর্ণিত অফিস সমূহ এবং উক্ত অফিস সমূহের অধীনস্থ সকল দপ্তরে ই-নথির মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশ প্রদান করা হয়। উল্লেখ্য যে, স্মারক নং ১৭৬৫-প্রঃপ্রঃ, তারিখঃ ১০/০৪/১৮ইং মাধ্যমে উপরোক্ত উইং সমূহ কতগুলো ই-নথির মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করেছেন এবং না করে থাকলে কেন ই-নথির মাধ্যমে কার্যক্রম করা হচ্ছে না উহার ব্যাখ্যা ও (তিন) কার্যদিবসের মধ্যে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য বলা হলেও অত্যন্ত দুঃখের সাথে উল্লেখ করা যাচ্ছে যে, সংশ্লিষ্ট কোন দপ্তর হতে এ বিষয়ে কোন তথ্য পাওয়া যায় নাই এমনকি ই-নথি ব্যবহারে কোন আশানুরূপ অগ্রগতিও হয় নাই। বিষয়টি প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, মন্ত্রিপরিষদ বিভাগ নিয়মিত তত্ত্বাবধান করছেন। ১৭-ই মে ২০১৮ মাসিক সমন্বয় সভায় সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, ই-নথি এর মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম করার জোর নির্দেশনা দিয়েছেন।

এমতাবস্থায় উপরোক্ত উইং সমূহকে প্রতিদিন ন্যূনতম ২টি পত্র ই-নথির মাধ্যমে সম্পন্ন করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হল এবং প্রতিদিন আগত ডাক/নথি সমূহ নিষ্পন্ন করার জন্য বলা হলো।



(ইবনে আলম হাসান)

পরিচিতি নং-০০১০৩৩

প্রধান প্রকৌশলী

সড়ক ও জনপথ অধিদপ্তর

সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস্ উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষন উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, মেকানিক্যাল উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ব্রীজ ম্যানেজমেন্ট উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, টেকনিক্যাল সার্ভিসেস্ উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।